

যুগান্তর

যশোর জেলা জাতীয় পার্টির দ্বিবার্ষিক সম্মেলনে এরশাদ

পড়াশোনা পণ্য নয় যে ভ্যাট দিতে হবে

যশোর-স্মারক

বিদেশে পাচার হওয়া কোটি কোটি টাকা ফিরিয়ে আনলে শিক্ষার্থীদের কাছ থেকে ভ্যাট আদায় করতে হবে না বলে মতব্য করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ। রোববার দুপুরে যশোর জিলা স্কুল অডিটোরিয়ামে জেলা জাতীয় পার্টির দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মতব্য করেন। তিনি বলেন, পড়াশোনা পণ্য নয়, পণ্য বলে ভ্যাট দিতে হতো। এরশাদ আরও বলেন, জনগণের প্রতিনিধি হয়ে জনগণকে অত্যাচার করলে গণতন্ত্র থাকে না। গণতন্ত্র অনেক আগেই একশ' হাত মাটির নিচে চলে গেছে। গণতন্ত্র পুনরুদ্ধারে জাতীয় পার্টিকে ক্ষমতায় আনতে হবে। জাতীয় পার্টি ক্ষমতায় গেলে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত করবে।

অর্পনস্বীকৃত বক্তব্যের সমালোচনা করে এরশাদ বলেন, একজন দুঃ মানুষ শিক্ষার্থীদের নিয়ে এমন মতব্য করতে পারেন না। শিক্ষার্থীদের ভ্যাট প্রত্যাহারের আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষায় ভ্যাট আদায় করে কত টাকা পাবেন। ব্যাংকের হাজার হাজার কোটি টাকা লুটপাট হয়েছে। তিন হাজার কোটি টাকা লোপাটের ঘটনায় অর্থমন্ত্রী বললেন, তিন হাজার কোটি টাকা কোনো টাকাই না। বিদেশে কোটি কোটি টাকা পাচার হয়েছে। পাচারের টাকা দেশে ফিরিয়ে আনেন। শিক্ষার্থীদের কাছ থেকে ভ্যাটের টাকা আদায়ের দরকার হবে না। সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক শরিফুল ইসলাম সুরু চৌধুরীর সভাপতিত্বে প্রধান হবে : পৃষ্ঠা ৭ : কলাম ১

হবে : দিতে

(৩য় পৃষ্ঠার পর)

অতিথির বক্তব্যে জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদ আরও বলেন, বিএনপি শিয়ালের গর্ভে চলে গেছে। মাঝে মাঝে গর্ভ থেকে উঁকি দেয়ার মতো বিকৃতি দিয়ে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রেখেছে। আর জাতীয় পার্টি সাংগঠনিক শক্তি বৃদ্ধির লক্ষ্যে সারা দেশে কর্মসূচি পালন করছে। এ দেশের মানুষ মনে-প্রাণে পরিবর্তন চায়। জাতীয় পার্টিকে শক্তিশালী করার জন্য দলের নেতাকর্মীদের একবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, দেশের উন্নয়ন করতে হলে প্রাদেশিক সরকারের বিকল্প নেই। প্রাদেশিক সরকার একদিন করতে হবে। আমরা সেই দিনের অপেক্ষায় আছি। জাতীয় পার্টি উপজেলা পরিষদ চালু করেছিল। পরবর্তী সময়ে বিএনপি সেটি বন্ধ করে দিয়েছে। বেগম জিয়া উপজেলা পরিষদ বন্ধ করে ফী ক্ষতি করেছিলেন তা গিখে শেষ করা যাবে না।

সম্মেলনে প্রধান বক্তা জাতীয় পার্টির মহাসচিব জিয়াউদ্দিন আহমেদ বাবলু বলেন, দেশে এখন ক্রান্তিকাল যাচ্ছে। মানুষের ন্যায়চারিতা শুরু হয়েছে। চরাসুলা বৃদ্ধি, আইনশৃঙ্খলার অবনতি, শিশু নির্গমন, হত্যা ও দলতন্ত্র চলেছে সারা দেশে। দলতন্ত্র ও গণতন্ত্র একনগ্নে চলতে পারে না। দেশের মানুষ ঘরের বাইরে যেতে ভয় পায়। সরকার জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। সরকারের বিরুদ্ধে আমরা প্রতিবাদ করব।

সেটি জালাও-পোড়াও করে নয়, নির্বাচনের মাধ্যমে সরকারের অন্যায়ের জবাব দেব। এ জন্য দলকে সংগঠিত করতে হবে।

জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও পানিসম্পদমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেন, দেশের জনগণ জাতীয় পার্টিকে ক্ষমতায় দেখতে চায়। মানুষের মুখে মুখে এরশাদের নাম। অনেকে এরশাদকে ঝেরশাদিক বলেন। কিন্তু সেদিন তিনি ক্ষমতা নেননি। তাকে ক্ষমতা দেয়া হয়েছিল। তিনি ক্ষমতা গ্রহণের দু'বছরের মাধ্যমে গণতন্ত্রের স্বার্থে নির্বাচন দিতে চেয়েছিলেন। সেদিন আগরামী লীগ ও বিএনপি নির্বাচনে রাজি হয়নি। এরশাদ জনগণকে ক্ষমতায়িত করতে উপজেলা পরিষদ চালু করেছিলেন। সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য সুলীল শুভ রায় ও তাজ রহমান, যুগ্ম মহাসচিব রেজাউল ইসলাম উইয়া। এ ছাড়া জেলা ও উপজেলা জাতীয় পার্টির নেতারা বক্তব্য দেন। অনুষ্ঠান সফলতা করেন সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্যসচিব মিনহাজুল আরেফিন। সম্মেলনে আলোচনা শেষে জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ যশোর জেলা জাতীয় পার্টির কমিটি ঘোষণা করেন শরিফুল ইসলাম সুরু চৌধুরীকে সভাপতি ও মিনহাজুল আরেফিনকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষণা করা হয়। অগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে বলে নেতাকর্মীদের আশ্বাস দেন জাতীয় পার্টির চেয়ারম্যান।